

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬০৮

আগরতলা, ১৮ জানুয়ারি, ২০২৪

৭১তম উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের প্ল্যানারি অধিবেশন  
শিলং গেলেন মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের (এনইসি) ৭১তম প্ল্যানারি অধিবেশনে যোগ দিতে মেঘালয়ের রাজধানী শিলংয়ে গেছেন। আগামীকাল ১৯ জানুয়ারি শিলংয়ে উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের ৭১তম প্ল্যানারি অধিবেশন অনুষ্ঠিত হবে। প্ল্যানারি অধিবেশনে সভাপতিত্ব করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তাছাড়াও এই অধিবেশনে উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রী জি কিষাণ রেড্ডি, উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীদের উপস্থিত থাকার কথা রয়েছে। তাছাড়াও উত্তর-পূর্বাঞ্চল পর্ষদ ও সংশ্লিষ্ট মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিকগণ অধিবেশনে অংশ নেবেন।

\*\*\*\*\*